

💵 আত্ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ৫৭৬

৫. সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৪০) ইচ্ছাকৃতভাবে নামায পরিত্যাগ করা ও অলসতা বশতঃ নামাযের সময় পার করে দেয়ার প্রতি ভীতি প্রদর্শন

الترهيب من ترك الصلاة تعمدا وإخراجها عن وقتها تهاونا

আরবী

(حسن موقوف) وَعَنْ مصعب بن سعد قال قلت لابي يا أَيُّنَا أرأيت قوله تبارك وتعالى (الَّذِينَ هُمْ عَنْ صَلَاتِهِمْ سَاهُونَ) أينا لا يسهو أينا لا يحدث نفسه قال ليس ذاك إنما هو إضاعة الوقت يلهو حتى يضيع الوقت. رواه أبو يعلى بإسناد حسن

বাংলা

৫৭৬. (হাসান মাওকৃফ) মুসআব বিন সা'দ থেকে বর্ণিত। তিনি বলেনঃ 'আমি আমার পিতাকে বললাম, আব্বাজান! আল্লাহ বলেনঃ الَّذِينَ هُمْ عَنْ صَلَاتِهِمْ سَاهُونَ (যারা নিজেদের নামাযে উদাসীন তাদের জন্য রয়েছে দুর্ভোগ) এই আয়াত সম্পর্কে আপনি কি বলেন? আমাদের মধ্যে কে এমন আছে যার নামাযে উদাসীনতা আসেনা? কে এমন আছে নামায পড়তে গিয়ে যার মনে বিভিন্ন কথা স্মরণ হয় না?

তিনি বললেন, বিষয়টা এরকম নয়। এ দ্বারা উদ্দেশ্য হচ্ছে নামায নষ্ট করা। যারা আজে-বাজে (দুনিয়াবী) কাজে লিপ্ত থেকে নামাযের সময়কে নষ্ট করে দিবে, (তাদেরকে উদ্দেশ্য করে একথা বলা হয়েছে)।' (হাসান সনদে আবু ইয়া'লা মুসনাদে বর্ণনা করেছেন ৮০৪)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ মুস'আব ইবনু সা'দ (রহ.)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন